তারিখ ... 28 JUN 198[illegible] ...
পৃষ্ঠা ... 1 ... 4 ...

# দৈনিক খবর

003

শিক্ষক সমিতির সভায় প্রস্তাব

## বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের উপর হস্তক্ষেপ করা চলবে না

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

জাতি ও শিক্ষার স্বার্থে বিশ্ববিদ্যালয় স্বায়ত্তশাসনের উপর যে কোন হস্তক্ষেপ থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকল মহলের প্রতি আহবান জানিয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন বলেছে, সরকার সম্প্রতি বিভিন্ন অপকৌশল ও অজুহাতে বিশ্ববিদ্যালয়গুলোর স্বায়ত্তশাসনের উপর হস্তক্ষেপ করার অপচেষ্টা চালাচ্ছে।

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়

শেষ পৃষ্ঠায় ২য় কলামে

## বিশ্ববিদ্যালয়ের

প্রথম পৃষ্ঠার পর

ক্লাবে অনুষ্ঠিত ফেডারেশনের স্ট্যাণ্ডিং কমিটির এক সভায় গৃহীত প্রস্তাবে এ অভিযোগ করা হয় এবং এতে গভীর উদ্বেগ প্রকাশ করে এর নিন্দা করা হয়। সভায় সভাপতিত্ব করেন ফেডারেশনের সভাপতি অধ্যাপক এম আমিনুল ইসলাম।

সভার সিদ্ধান্তে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনের প্রাক্কালে সংঘটিত ঘটনাকে কেন্দ্র করে 'জনপ্রতিনিধিত্বহীন জাতীয় সংসদের কতিপয় সদস্য' ছাত্র-শিক্ষক ও সিণ্ডিকেট সম্পর্কে যে সকল অশ্লীল মন্তব্য করেছেন, সভা তার তীব্র নিন্দা করছে। বিশ্ববিদ্যালয় শিক্ষকদের যোগ্যতা সম্পর্কে তারা (সংসদ সদস্য) যে 'আপত্তিকর মন্তব্য' করেছেন প্রস্তাবে তার তীব্র নিন্দা করে বলা হয়, বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সম্পর্কে এ ধরনের দায়িত্বহীন মন্তব্য অত্যন্ত দুঃখজনক ও অনভিপ্রেত।

সভায় বিশ্ববিদ্যালয়ের সরকারী অনুদান বন্ধের দাবীর তীব্র নিন্দা করে বলা হয়, এটা দাম্ভিকতার পরিচায়ক ও দায়িত্বজ্ঞানহীন উক্তি। প্রস্তাবে ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ পরিবর্তনের দাবীরও তীব্র প্রতিবাদ জানানো হয়।